# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৬০৬

২৭/ আদব

পরিচ্ছেদঃ ডান-বাম ব্যবহার-বিধি

আরবী

وَعَن أَنَس أَنَّ رَسُوْلَ اللهِ ﷺ أَتَى مِنىً فَأَتَى الْجَمْرَةَ فَرَمَاهَا ثُمَّ أَتَى مَنْزِلَهُ بِمِنىً وَنَحَرَ ثُمَّ قَالَ لِلحَلَّاقِ خُذْ وأشَارَ إِلَى جَانِبِهِ الأَيْمَنِ، ثُمَّ الأَيْسَرِ، ثُمَّ جَعَلَ يُعْطِيهِ النَّاسَ متفقٌ عَلَيْهِ وَفِي رِوَايَةٍ : لَمَّا رَمَى الجَمْرَةَ وَنَحَرَ نُسُكَهُ وَحَلَقَ نَاوَلَ الحَلاَّقَ شِقَّهُ الأَيْمَنَ فَحَلَقَهُ ثُمَّ دَعا أَبَا طَلْحَةَ الأنْصَارِيَّ فَأعْطَاهُ إيَّاهُ ثُمَّ نَاوَلَهُ الشِقَّ الأَيْسَرَ فقَالَ اِحلِقْ فَحلَقَهُ فَأعْطَاهُ أبَا طَلْحَةَ فَقَالَ اِقْسِمْهُ بَيْنَ النَّاسِ

বাংলা

(৩৬০৬) আনাস (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মিনায় আগমন করলেন। তারপর জামরায় এসে কাঁকর মারলেন। তারপর পুনরায় মিনায় নিজ ডেরায় ফিরে গেলেন এবং কুরবানীর পশু যবেহ করলেন। তারপর নাপিতকে নিজ মাথার ডান দিকে ইশারা ক'রে বললেন, নাও। তারপর বামদিকে (ইশারা করে মাথা নেড়া করলেন)। তারপর মাথার চুল জনগণের মাঝে বিতরণ করতে লাগলেন। (বুখারী ১৭১, মুসলিম ৩২১২-৩২১৫)

অন্য বর্ণনায় আছে, যখন তিনি জামরায় কাঁকর মারলেন এবং কুরবানী পশু নহর (যবেহ) করলেন এবং মাথা মুণ্ডন করলেন, সেই সময় তিনি নাপিতকে মাথার ডান দিকটা বাড়িয়ে দিলেন। সে সেদিকটি মুণ্ডন করল। তারপর তিনি আবূ ত্বালহা আনসারী (রাঃ) কে ডেকে (চুলগুলি) তাকে দিলেন। অতঃপর বাম পার্শ্ব নাপিতকে বাড়িয়ে দিয়ে বললেন, মুণ্ডন কর।'' সুতরাং সে সেদিকটা মুণ্ডন করে দিল। অতঃপর তিনি আবূ ত্বালহাকে চুলগুলি দিয়ে দিলেন এবং বললেন, জনগণের মাঝে ওগুলি বন্টন করে দাও।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67354

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন